একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
দামপাড়াপুলিশ লাইন্স, চট্টগ্রাম

স্মারক নং-সিএমপি/প্রশাঃ/অপরাধ/প্রতিবেদন/১০৪১ তারিখঃ ১৫ মে'২০১৯খ্রিঃ

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) এর ০২ (দুই) সেট প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.৯৭৮.১৫.০০১.১৮-৭২, তাং-২৮/০৩/১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, মহোদয়ের সাথে পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম এর ২০১৯-২০২০ অর্থ বছরে সম্পাদিতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ০২ (দুই) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

১৫ ০৫ ১৯

(মোঃ মাহাবুবর রহমান, বিপিএম, পিপিএম)
বিপি নং-৬৮৯৫০২০৮১৩
পুলিশ কমিশনার
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,
চট্টগ্রাম
ফোন-০৩১-৬২৪১০০, ফ্যাক্স- ০৩১-৬২১৫৬৫
E-mail-pccmp@police.gov.bd

বিতরণ ঃ

কার্যার্থে ঃ

এআইজি (ইনোভেশন এন্ড বেস্ট প্রাকটিস)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## ২০১৯-২০২০

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
চট্টগ্রাম

০১ জুলাই ২০১৯- ৩০ জুন ২০২০ পর্যন্ত

# সূচিপত্র


উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলী

সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর অথবা সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদীহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২২ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম

এবং

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর মধ্যে ২০১৯ সালে জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম এর কর্মসম্পাদন সার্বিক চিত্র ঃ
# (Overview of the Performance of CMP, Chittagong.)
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

ক) সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ :

- আলোচ্য সময়ে সিএমপির আওতাভুক্ত এলাকায় কোন জঙ্গি হামলার ঘটনা ঘটেনি - জঙ্গীদের তথ্য সংগ্রহ, জনসচেতনতা সৃষ্টিসহ জঙ্গিবাদ বিরোধী কার্যক্রমে তৎপরতা বৃদ্ধি করায় মহানগরে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।
- চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জার্তিক ইভেন্টসমূহে (আন্তর্জাতিক ক্রিকেট খেলা, বিপিএল, আন্তঃদেশীয় ফুটবল ম্যাচ) গৃহীত নিরাপত্তা ব্যবস্থার কারনে ইভেন্ট সমূহ সফলতার সাথে সম্পন্ন হওয়ায় পুলিশের দক্ষতা তথা দেশের ভাবমূর্তি দেশে-বিদেশে ব্যাপক ভাবে প্রশংসিত হয়েছে।
- সিএমপিতে ট্রাফিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠার স্বার্থে ট্রাফিক বিভাগ হতে ট্রাফিক আইন ভঙ্গকারী গাড়ীর ড্রাইভারদের বিরুদ্ধে আইনী পদক্ষেপ জোরদার করা হয়। এর ফলে বিগত তিন বছরে জরিমানা বাবদ প্রাপ্ত সর্বমোট ২৩,৮৮,৬৬৭৫০/= টাকা সরকারি কোষাগারে জমা দান করা হয়।
- পাইলট প্রকল্প হিসেবে সিএমপিতে ই-প্রসিকিউশন ব্যবস্থা ০৩ রা ডিসেম্বর ২০১৮ হতে ৩০ শে এপ্রিল ২০১৯ পর্যন্ত চালু করণের পর গত ০৫ মাসে পস (POS) মেশিনের মাধ্যমে ৩৭,৮৯৪ টি মামলা রুজু করা হয় এবং জরিমানা বাবদ প্রাপ্ত সর্বমোট ৯৯,৯৯,৫০০/= টাকা সরকারি কোষাগারে জমা করা হয়।
- উক্ত সময়ে থানায় রুজুকৃত ১৯,১০২ টি মামলাসহ অন্যান্য মূলতবী মামলা নিস্পত্তির উপর গুরুত্ব আরোপ করার ফলে উক্ত সময়কালে ১৭,৮৫২ টি মামলা নিস্পত্তি করে আদালতে বিচারের জন্য প্রেরণ করা সম্ভব হয়।
- ডিজিটাল পুলিশী সেবা নিশ্চিত করণের লক্ষ্যে এই সময়ে সিএমপির নিজস্ব ওয়েব সাইটসহ পূর্ণাঙ্গ মোবাইল ভিত্তিক অ্যাপ্লিকেশন "হ্যালো সিএমপি" অনলাইন নিউজ পোর্টাল, এবং ফেসবুক পেইজ চালু করা হয়েছে।
- সিএমপি এলাকার গুরুত্বপূর্ণ জায়গা/ পয়েন্টগুলোতে ডিজিটাল নজরদারির আওতায় আনার লক্ষ্যে উক্ত সময়ে গুরুত্বপূর্ণ জায়গায় সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয় এবং স্থাপিত সিসিটিভি ফুটেজ ব্যবহার করে বেশ কিছু চাঞ্চল্যকর মামলার ত্বরিৎ নিস্পত্তি করা সম্ভব হয়।
- সিএমপিতে স্থাপিত ভিক্টিম সাপোর্ট সেন্টার ডেস্কের মাধ্যমে (৬১০ জন) অসহায় ভিক্টিমদের আইনী সাহায়তা এবং সেবা প্রদান সম্ভব হয়।
- সিএমপির কর্মকান্ড ও অর্জন সমূহ ইতিবাচক ভাবে মিডিয়াগুলোতে প্রচারের লক্ষ্যে এবং পুলিশ মিডিয়া সম্পর্ক জোরদার করার উদ্দেশ্যে উক্ত সময়ে সিএমপি মিডিয়া সেন্টার প্রতিষ্ঠা করা হয়।
- কমিউনিটি পুলিশিং, বীট পুলিশিং এবং উঠান বৈঠক কার্যক্রমের মাধ্যমে পুলিশি সেবা জনগনের দোর গোড়ায় পৌঁছানো সম্ভব হয়েছে।
- সিএমপি'কে মাদক মুক্ত নগরী হিসেবে গড়ে তোলার অঙ্গীকার নিয়ে সিএমপি নিয়মিতভাবে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসছে। মাদক বিরোধী অভিযানে সিএমপির অর্জন প্রশংসনীয়। গত ৩রা মে,২০১৮খ্রিঃ সিএমপির গোয়েন্দা শাখার শুধুমাত্র একটি অভিযানে সিএমপির ইতিহাসে সর্বকালের সর্ববৃহৎ মাদকের চালান ১৩,০০,০০০ (তের লক্ষ) পিচ ইয়াবা উদ্ধার হয়।
- সিএমপি এলাকায় অস্ত্র এবং মাদক উদ্ধারে উল্লেখযোগ্য ভূমিকা রাখার কারণে সিএমপি ইউনিট হিসেবে উক্ত বছর গুলোতে অনুষ্ঠিত পুলিশ সপ্তাহে বিশেষ পুরস্কারে পুরস্কৃত হয়।

| | গ্রুপ-"ক" ক্যাটাগরি | স্থান অর্জন |
|---|---|---|
| পুলিশ সপ্তাহ-২০১৯ | অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার প্রতিযোগিতা | ২য় স্থান |
| ২০১৮ সাল | মাদকদ্রব্য উদ্ধার প্রতিযোগিতা | ২য় স্থান |
| | চোরাচালান উদ্ধার | ২য় স্থান |
| পুলিশ সপ্তাহ-২০১৭ | অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার | ৩য় স্থান |
| ২০১৬ সাল | মাদকদ্রব্য উদ্ধার প্রতিযোগিতা | ১ম স্থান |

➢ আলোচ্য সময়ে মহানগর এলাকায় বসবাসরত/ ভ্রমণরত বিদেশীদের নিরাপত্তা প্রদান ছিল প্রশংসনীয়। খুলশী থানাধীন এলাকায় একজন বিদেশী নাগরিকের ছিনতাই অপরাধের খবর প্রকাশ পেলে সিএমপির গোয়েন্দা শাখা তাৎক্ষনিক অভিযান পরিচালনা করে ০১জন ছিনতাইকারী আটক করে এবং ছিনতাইকৃত মালামাল ০১টি ল্যাপটপ, ০১টি ড্রাইভিং লাইসেন্স, ০১টি মোবাইল ফোন, ০১টি ব্যাংক কার্ড ও নগদ ৭০০০ হাজার টাকা উদ্ধার করতে সক্ষম হয়।

খ) সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ :

চট্টগ্রাম মেট্রোপলিটান পুলিশের সমস্যা ও চ্যালেঞ্জসমূহের মধ্যে চট্টগ্রাম মহানগরীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, সেবা প্রদান ব্যবস্থাপনার উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সংঘটিত সাইবার অপরাধ দমন, কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার, জঙ্গি বিরোধী অভিযান জোরদার এবং ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানসহ নাগরিকদের মাঝে জঙ্গি কার্যক্রমের বিরুদ্ধে সচেতনতামূলক কার্যক্রমের প্রসার অন্যতম। এছাড়াও চট্টগ্রাম মেট্রোপলিটান শহরের বিশেষ ভৌগোলিক অবস্থানের কারণে মাদক পাচারকারী চক্র চট্টগ্রাম শহরকে মাদক পাচারের গুরুত্ব পূর্ণ রুট হিসেবে চিহ্নিত করা হয়। মূলতঃ চট্টগ্রাম মহানগরীর জনগণকে কাঙ্খিত সেবাপ্রদানের ক্ষেত্রে চট্টগ্রাম মেট্রোপলিটান পুলিশের বড় সমস্যা হলো অপর্যাপ্ত জনবল ও লজিস্টিকস্ সাপোর্ট। জনবল এবং লজিষ্টিক সাপোর্ট বাড়ানো হলে সেবা প্রদান আরো ত্বরান্বিত হবে।

গ) ভবিষ্যৎ পরিকল্পনা :

জনগণের জান ও মালের সার্বিক নিরাপত্তা জোরদার করণ সহ সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সিসিটিভির ব্যবহার বাড়ানোর নিমিত্ত থানা এলাকায় বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত বিভিন্ন ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে তাদের নিরাপত্তার বিষয়ে উদ্বুদ্ধ করতঃ অধিকতর গুরুত্বপূর্ন এলাকায় সিসিটিভি ক্যামেরা স্থাপন করা, নাগরিক/ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহ করে ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন করা, ক্রমবর্ধমান জনসংখ্যা এ নগরীতে যানজটমুক্ত ট্রাফিক ব্যবস্থাপনা নিশ্চিত করা, রেকর্ডকৃত মামলা সমূহের সত্য উদঘাটন পূর্বক আসামীদের বিজ্ঞ আদালতে বিচারের জন্য সোপর্দ করা, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে দৃশ্যমান পুলিশী টহল, ফুট পেট্রোল, ব্লকরেইড ও চেকপোষ্ট ডিউটি পরিচালনা সহ নিত্য নতুন কৌশল অবলম্বন করে অপরাধ নিয়ন্ত্রন করা, জঙ্গী তৎপরতা নিয়ন্ত্রনে বিভিন্ন পাড়া/মহল্লায় গঠিত কমিউনিটি পুলিশিং এবং বিট পুলিশিং কমিটির সহায়তায় সাম্প্রদায়িকতার বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠক সহ জঙ্গীবাদ বিরোধী সভা/সমাবেশ ও র‍্যালীর আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখা। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারীদের গ্রেপ্তার ও সাম্প্রদায়িক সহিংসতা তাৎক্ষনিকভাবে মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা।

**সিএমপি সৃষ্টির সময়ের সাথে বর্তমান সময়ের জনসংখ্যা ও পুলিশের মঞ্জুরীকৃত জনবলের তুলনামূলক চিত্র ঃ**

| বিবরণী | ১৯৭৮ সন | ১৯৯০ সন | ২০১৭ সন |
|---|---|---|---|
| পুলিশের জনবল | ৩,৬২২ | ৩,৮৭০ | ৭,০৯৩ |
| জনসংখ্যা | ১০ লক্ষ | ১৮ লক্ষ | ৬০ লক্ষের অধিক |
| জনসংখ্যা ও পুলিশের অনুপাত | ১ ঃ ২৭৬ | ১ ঃ ৪৬৫ | ১ ঃ ৮৪৬ |

উপরোল্লিখিত ছক মোতাবেক যে অনুপাতে মহানগরীতে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে, কাজের পরিধি বিস্তৃত হচ্ছে সে অনুপাতে পুলিশের জনবল বৃদ্ধি পাচ্ছে না। এছাড়াও চট্টগ্রাম মহানগরী দেশের বাণিজ্যিক রাজধানী হওয়ায় দেশী-বিদেশী উদ্যোক্তাগণ চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলছেন। ফলে মহানগরী এলাকার জনসংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সাথে সাথে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানী রপ্তানী কার্যক্রম, জাহাজের আগমন, বহির্গমন এবং নাবিকের আগমন/নির্গমনের সংখ্যা বহুগুণে বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষিতে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশকে একটি কার্যকর, দক্ষ, যুগোপযোগী বাহিনী ও যানজট মুক্ত মহানগরী এলাকার উপযোগী পুলিশ বাহিনী হিসাবে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান প্রেক্ষাপটের আলোকে অত্র সংস্থার বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংস্কারের মাধ্যমে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়ন করা প্রয়োজন।

১.১ ২০১৮-২০১৯ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- রেকর্ডকৃত মামলা সমূহের তদন্ত সম্পন্ন পূবর্ক রহস্য উদঘাটন করে অপরাধীদের বিচারের লক্ষ্যে আদালতে সোপর্দ করা।
- সিএমপিতে ই-প্রসিকিউশন ব্যবস্থা সফলভাবে পাইলট প্রকল্প হিসেবে চালুকরণের পর ট্রাফিক ডিভিশনের প্রসিকিউশন ব্যাবস্থা সম্পূর্ণ রুপে ডিজিটাল প্রযুক্তির প্রয়োগ ও পস (POS) মেশিনের মাধ্যমে মামলা ত্বরিৎ রুজু ও নিষ্পত্তি করা।
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে যুক্ত হয়ে জনগণের মধ্যে বিভিন্ন সামাজিক অপরাধ, জঙ্গীবাদ বিষয়ে সচেতনতা তৈরী।
- সিএমপির চলমান অত্যাধুনিক নাসিরাবাদ পুলিশ অফিসার্স মেসের নির্মাণ কাজ পূর্ণাঙ্গ ভাবে সমপন্ন করা ।
- সিএমপির নির্মানাধীন ৬তলা বিশিষ্ট দামপাড়া পুলিশ লাইন ফোর্স ব্যারাকের অবশিষ্ট নিমার্ণ কাজ (প্রায় ৫০%) চলতি বছরের (২০১৮ সালের) মধ্যে সমপন্ন করা।
- নির্মানাধীন ৬তলা বিশিষ্ট মনসুরাবাদ ফোর্স ব্যারাকের ফাউন্ডেশন নির্মান কাজ শেষে পুরোদমে নির্মান কার্যক্রম চলমান রাখা ও পূর্ণাঙ্গ ভাবে সমপন্ন করা ।
- ২২তলা বিশিষ্ট সিএমপি সদর সপ্তরের নির্মান কাজ শুরু করা।
- সিটিজেন ইনফরমেশন ম্যানেজমেন্ট সিষ্টেম (CIMS)এর মাধ্যমে সিএমপিতে অবস্থানরত/বসবাসরত নাগরি - কদের তথ্য সংগ্রহ ও হালনাগাদ করণ।

# সেকশন-১

১.১. রূপকল্প (Vision): বিশ্বাস ও আস্থাভাজন, যোগ্য, দক্ষ, নিবেদিত ও পেশাদার পুলিশ সদস্যগণ কর্তৃক মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে বাসযোগ্য, নিরাপদ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন করা।

১.২. অভিলক্ষ্য (Mission): জনগোষ্ঠীর সক্রিয় সহযোগিতায় বাংলাদেশ পুলিশ আইন প্রয়োগ, সামাজিক শৃঙ্খলা রক্ষা, অপরাধ ভীতি হ্রাস, জন-নিরাপত্তা বৃদ্ধি এবং অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিতকরণে অঙ্গীকারাবদ্ধ।

## ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. অপরাধ নিয়ন্ত্রণ কার্যক্রম।
২. জনশৃঙ্খলা সংক্রান্ত ।
৩. সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা।
৪. কমিউনিটি পুলিশিং।
৫. বিট পুলিশিং
৬. মানব সম্পদ উন্নয়ন ।
৭. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার ও প্রয়োগ।
৮. সেবা প্রদান ব্যবস্থাপনা।
৯. মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন কার্যক্রম।

## ১.৪ . আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

১. দাপ্তরিক কাজে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিত করা।
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি করা।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্যে, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্যে (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০ (Target/Criteria Value for FY 2019-20) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১। অপরাধ নিয়ন্ত্রণ কার্যক্রম | ২৫ | ১.১ অপরাধ তদন্ত নিষ্পত্তি | ক) এজাহারভুক্ত (FIR) মামলার সংখ্যা | ২.০ | ৬৮০৫ | ৬৮১৫ | ৬৮১৭ | ৬৮১৬ | ৬৮১৫ | ৬৮১৪ | | ৬৮১৮ | ৬৮১৯ |
| | | | খ) নিষ্পত্তিকৃত এজহারভুক্ত মামলার সংখ্যা | ৫.০ | ৬৮০৪ | ৬৮০৯ | ৬৮১১ | ৬৮১০ | ৬৮০৯ | ৬৮০৮ | | ৬৮১২ | ৬৮১৩ |
| | | | গ) অভিযোগপত্রভুক্ত মামলা সংখ্যা | ২.০ | ৫৮৪৬ | ৫৮৫৫ | ৫৮৫৭ | ৫৮৫৭ | ৫৮৫৬ | ৫৮৫৫ | | ৫৮৫৮ | ৫৮৫৯ |
| | | | ঘ) চূড়ান্ত প্রতিবেদন সত্য এর সংখ্যা | ১.০ | ৩৫৫ | ৩৫৯ | ৩৫৯ | ৩৫৮ | ৩৫৭ | ৩৫৬ | | ৩৬০ | ৩৬১ |
| | | | ঙ) অন্যান্য চূড়ান্ত প্রতিবেদন (FRT ব্যতিত) এর সংখ্যা | ১.০ | ২১৪ | ২১৮ | ২১৯ | ২১৮ | ২১৭ | ২১৬ | | ২২০ | ২২১ |
| | | ১.২ সনাক্তকৃত অপরাধী | ক) অভিযোগপত্রভুক্ত আসামীদের সংখ্যা | ২.০ | ৮৯২১ | ৮৯২৮ | ৮৯৮৪ | ৮৯৮৩ | ৮৯৮২ | ৮৯৮১ | | ৮৯৮৫ | ৮৯৮৬ |
| | | ১.৩ গ্রেফতার কার্যকরণ ও গ্রেফতারী পরোয়ানা তামিল | ক)মোট গ্রেফতারী পরোয়ানা তামিলের সংখ্যা | ৫.০ | ১৩৫৬৪ | ১৩৫৬৭ | ১৩৫৮৭ | ১৩৫৮৬ | ১৩৫৮৫ | ১৩৫৮৪ | | ১৩৫৮৮ | ১৩৫৮৯ |
| | | | খ) গ্রেফতারী পরোয়ানা ব্যতিত অন্যান্য গ্রেফতারের সংখ্যা | ২.০ | ১৪৬১৫ | ১৪৬১৯ | ১৪৬২৮ | ১৪৬২৭ | ১৪৬২৬ | ১৪৬২৫ | | ১৪৬২৯ | ১৪৬৩০ |
| | | | (গ) থানা কর্তৃক পরিচালিত ব্লকরেইডের সংখ্যা | ২.০ | ২২১৬ | ২২১৯ | ২২২৯ | ২২২৮ | ২২২৭ | ২২২৬ | | ২২৩০ | ২২৩১ |
| | | ১.৪ সমন জারী ও সাক্ষী হাজির করা | ক) মোট জারীকৃত সমনের সংখ্যা | ১.০ | ১৭৬৭৭ | ১৭৬৮৭ | ১৭৭৮০ | ১৭৭৭৯ | ১৭৭৭৮ | ১৭৭৭৭ | | ১৭৭৮১ | ১৭৭৮২ |
| | | | খ) মোট হাজিরকৃত সাক্ষীর সংখ্যা | ২.০ | ১৩২৫ | ১৩২৯ | ১৩৩৮ | ১৩৩৭ | ১৩৩৬ | ১৩৩৫ | | ১৩৩৯ | ১৩৪০ |
| ২.জনশৃঙ্খলা সংক্রান্ত | ১৫ | ২.১ জনশৃঙ্খলা ব্যবস্থাপনায় গৃহীত কার্যক্রম | ক) টহলের সংখ্যা( কর্মঘন্টা) | ৫.০ | ১৮০০৫০২ | ১৮০০৯০২ | ১৮০১৯০৫ | ১৮০১৯০৪ | ১৮০১৯০২ | ১৮০১৯০১ | | ১৮০১৯০৬ | ১৮০১৯০৭ |
| | | | খ) চেকপোস্টের সংখ্যা (কর্মঘন্টা) | ১.০ | ১৯০০০০ | ১৯০৫০০ | ১৯০৮০৩ | ১৯০৮০২ | ১৯০৮০১ | ১৯০৮০০ | | ১৯০৮০৪ | ১৯০৮০৫ |
| | | | গ) স্ট্যাটিক ডিউটি (কর্মঘন্টা) | ৩.০ | ২১১৫৭০ | ২১১৬৭০ | ২১১৬৭৩ | ২১১৬৭২ | ২১১৬৭১ | ২১১৬৭০ | | ২১১৬৭৪ | ২১১৬৭৫ |
| | | | ঘ) প্রহরা ডিউটি (কর্মঘন্টা) | ১.০ | ৬০৬৯০ | ৬০৮৯০ | ৬০৮৯৩ | ৬০৮৯২ | ৬০৮৯১ | ৬০৮৯০ | | ৬০৮৯৪ | ৬০৮৯৫ |
| | | | ঙ) ভিভিআইপি ও ভিআইপি ডিউটি ( কর্মঘন্টা) | ২.০ | ২১০০০০ | ২১০৬০০ | ২১০৫০৩ | ২১০৫০২ | ২১০৫০১ | ২১০৫০০ | | ২১০৫০৫ | ২১০৫০৬ |
| | | | চ) বেআইনি সমাবেশ ও দাঙ্গা দমন ( কর্মঘন্টা) | ১.০ | ৬৫৬১০ | ৬৫৭১০ | ৬৫৭১৩ | ৬৫৭১২ | ৬৫৭১১ | ৬৫৭১০ | | ৬৫৭১৪ | ৬৫৭১৫ |
| | | | ছ) ধর্মীয় ও সামাজিক উৎসবের নিরাপত্তা ডিউটি ( কর্মঘন্টা) | ১.০ | ১০৯১২৮ | ১০৯৬২৮ | ১০৯৩৩১ | ১০৯৩৩০ | ১০৯৩২৯ | ১০৯৩২৮ | | ১০৯৩৩২ | ১০৯৩৩৩ |

৯

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ঙ) নির্বাচন নিরাপত্তা ডিউটি ( কর্মঘন্টা) | ১.০ | ৪৬০৮০ | ৪৬১৮০ | ৪৬০৯৫ | ৪৬০৯৪ | ৪৬০৯৩ | ৪৬০৯২ | | ৪৬০৯৬ | ৪৬০৯৭ |
| ৩.সুষ্ঠ ট্রাফিক ব্যবস্থাপনা | ১০ | ৩.১ সুষ্ঠ ট্রাফিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম | (ক) ট্রাফিক বিভাগ স্টাটিক ডিউটি(কর্মঘন্টায়) | ৩.০ | ১৮০৪৮০০ | ১৮০৮৮০০ | ১৮০৬৮০৩ | ১৮০৬৮০২ | ১৮০৬৮০১ | ১৮০৬৮০০ | | ১৮০৬৮০৪ | ১৮০৬৮০৫ |
| | | | (খ) ট্রাফিক বিভাগ কর্তৃক পরিচালিত ড্রাইভারদের সচেতনতামূলক কর্মসূচীতে উপস্থিতি সংখ্যা | ১.০ | ৬৬২৭ | ৬৭২৭ | ৬৮৩০ | ৬৮২৯ | ৬৮২৮ | ৬৮২৭ | | ৬৮৩১ | ৬৮৩২ |
| | | | গ) ট্রাফিক আইন ভঙ্গকারী গাড়ীর ড্রাইভারদের বিরুদ্ধে মোটর যান আইনে রুজুকৃত নন-এফ আই আর প্রসিকিউশনের সংখ্যা | ৪.০ | ১২৪০০০ | ১২৪৩০০ | ১২৪২০৩ | ১২৪২০২ | ১২৪২০১ | ১২৪২০০ | | ১২৪২০৪ | ১২৪২০৫ |
| | | | ঘ) ট্রাফিক আইন ভঙ্গকারী গাড়ী বিরুদ্ধে জরিমানা আদায়ের পরিমাণ | ১.০ | ৮৯১৫০০০০ | ৮৯১৫৭০০০ | ৮৯১৫৫০০৩ | ৮৯১৫৫০০২ | ৮৯১৫৫০০১ | ৮৯১৫৫০০০ | | ৮৯১৫৫০০৪ | ৮৯১৫৫০০৫ |
| | | | ঙ) ট্রাফিক বিভাগ কর্তৃক পরিচালিত জনসচেতনতামূলক কর্মসূচী(মিটিং/শোভাযাত্রা/স্কুল কলেজে প্রোগ্রাম) -তে উপস্থিতি সংখ্যা | ১.০ | ৩৮৫৫ | ৩৮৯৫ | ৩৯৫৮ | ৩৯৫৭ | ৩৯৫৬ | ৩৯৫৫ | | ৩৯৫৯ | ৩৯৬০ |
| ৪.কমিউনিটি পুলিশিং | ৫ | ৪.১ কমিউনিটি পুলিশিং, কার্যক্রম | ক) ওপেন হাউজ ডে ও কমিউনিটি পুলিশিং সভার সংখ্যা | ২.০ | ২৯১৬ | ২৯৬৬ | ২৯৮৯ | ২৯৮৮ | ২৯৮৭ | ২৯৮৬ | | ২৯৯০ | ২৯৯১ |
| | | | খ) অপরাধ বিরোধী সভার সংখ্যা | ২.০ | ৫৫০০ | ৫৬০০ | ৫৫৬৩ | ৫৫৬২ | ৫৫৬১ | ৫৫৬০ | | ৫৫৬৪ | ৫৫৬৫ |
| | | | গ) জনসংযোগ সভার (র‌্যালি, স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয় ভিজিট ইত্যাদির) সংখ্যা | ১.০ | ৩১৮০ | ৩৩৮০ | ৩২৮৩ | ৩২৮২ | ৩২৮১ | ৩২৮১০ | | ৩২৮৪ | ৩২৮৫ |
| ৫.বিট পুলিশিং | ৫ | ৫.১ বিট পুলিশিং কার্যক্রম | ক) উঠান বৈঠক | ২.০ | ১৮৭৭৯ | ১৮৯৭৯ | ১৮৯৮২ | ১৮৯৮১ | ১৮৯৮১ | ১৮৯৮০ | | ১৮৯৮৩ | ১৮৯৮৪ |
| | | | খ) নাগরিক/ ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহ ও হালনাগাদকরণ (CIMS) | ৩.০ | ৯০৭৩৫ | ৯০৮৩৫ | ৯০৮৩৮ | ৯০৮৩৭ | ৯০৮৩৬ | ৯০৮৩৭ | | ৯০৮৩৯ | ৯০৮৪০ |
| ৬.মানব সম্পদ উন্নয়ন | ৪ | ৬.১ মানব সম্পদ উন্নয়নে গৃহীত প্রশিক্ষণ কার্যক্রম | ক) ইন-সার্ভিস প্রশিক্ষণে ব্যয়িত সময় (কর্মঘন্টা) | ৪.০ | ১১০০০ | ১১২০০ | ১১০৬৩ | ১১০৬২ | ১১০৬১ | ১১০৬০ | | ১১০৬৪ | ১১০৬৫ |
| ৭.তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার ও প্রয়োগ | ৫ | ৭.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর তথ্য সংগ্রহ | ক) ডিজিটাল পদ্ধতিতে পাসপোর্ট ভেরিফিকেসনের নিষ্পত্তিকরণের সংখ্যা। | ৫.০ | ৩৫২০০ | ৩৫৭০০ | ৩৫৬০৩ | ৩৫৬০২ | ৩৫৬০১ | ৩৫৬০০ | | ৩৫৬০৪ | ৩৫৬০৫ |
| ৮.সেবা প্রদান ব্যবস্থাপনা | ৬ | ৮.১ সেবা প্রদান ব্যবস্থাপনা কার্যক্রম | ক) নারী ও শিশু নির্যাতন রোধ সেলে সেবা গ্রহীতার সংখ্যা | ১.০ | ১৫৯৮ | ১৬০২ | ১৭০১ | ১৭০০ | ১৮৯৯ | ১৮৯৮ | | ১৭০২ | ১৭০৩ |
| | | | খ) থানার উইমেন সাপোর্ট ডেস্কে সেবা গ্রহীতার সংখ্যা | ১.০ | ২০২১ | ২০২৯ | ২০৯৪ | ২০৯৩ | ২০৯২ | ২০৯১ | | ২০৯৫ | ২০৯৬ |
| | | | গ) বিদেশি নাগরিক সংশ্লিষ্ট সেবা গ্রহীতার সংখ্যা | ১.০ | ৪২১৬ | ৪২১৭ | ৪২২৯ | ৪২২৮ | ৪২২৭ | ৪২২৬ | | ৪২৩০ | ৪২৩১ |
| | | | ঘ) অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স সেবা গ্রহীতার সংখ্যা | ২.০ | ২৮৭৮ | ২১৮৮ | ২৮৮৬ | ২৮৮৫ | ২৮৮৪ | ২৮৮৩ | | ২৮৮৭ | ২৮৮৮ |
| | | | ঙ) ভিকটিম সাপোর্ট সেন্টার সেবা গ্রহীতার সংখ্যা | ১.০ | ২৩১ | ২৪১ | ২৪৫ | ২৪৪ | ২৪৩ | ২৪২ | | ২৪৬ | ২৪৭ |
| ৯.মাদক ,সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন কার্যক্রম | ৫ | ৯.১ মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক সভা (স্কুল কলেজ, মাদ্রাসা, জনবসতিপূর্ণ এলাকা) | ক) জনসচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির সংখ্যা (মিটিং/শোভাযাত্রা/লিফলেট ইত্যাদি) | ৫ | ৭৮০৩ | ৭৮৮৩ | ৭৮৮৬ | ৭৮৮৫ | ৭৮৮৪ | ৭৮৮৩ | | ৭৮৮৭ | ৭৮৮৮ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০২০ (Taraget/criteria value for FY 2019-2020) | | | | | প্রক্ষেপণ (Projection) 2020-2021 | প্রক্ষেপণ (Projecton) 2021-2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৬। মামলার তদন্তের তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণ। | ১০ | বিভিন্ন মোবাইল অপারেটরদের সাথে সমন্বয় সাধন | চুক্তি সম্পাদন | সংখ্যা | ০২ | ৭৫ | ৮০ | ৮৮ | ৮৫ | ৮২ | ৮০ | ৭৭ | - | - |
| | | সিডিআর সংগ্রহ, রিডিং | মামলা ভিত্তিক অপরাধী/সন্দিগ্ধের মোবাইল সিডিআর সংগ্রহ | সংখ্যা | ০৬ | ২০০০ | ২১০০ | ২৫৭০ | ২৪০০ | ২২৫০ | ২১০০ | ২০০০ | - | - |
| | | সিডিএমএস | অপরাধীর তথ্য সংগ্রহ, সংরক্ষন, তুলনা মূলক বিশ্লেষণ ও মূল্যায়ন | সংখ্যা | ০২ | ৫০০০ | ৫১০০ | ৭৩৮০ | ৬৫০০ | ৫৮০০ | ৫১০০ | ৪৫০০ | - | - |

মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০

মোট নম্বর-২০

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান | | | | |
| | | | | | | অসাধারণ (Excelent) ১০০% | অতি উত্তম (very good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair ) ৭০% | চলতি মানের নিম্নে (poor) ৬০% |
| ১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ০৬ | ১.১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১.১.১। সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬৫ | - | - | - | - |
| | | | ১.১.২। এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ১.১.৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগস্ট, ২০১৯ |
| | | | ১.১.৪। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি, ২০২০ | ১৬ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২০ জানুয়ারি, ২০২০ | ২১ জানুয়ারি, ২০২০ |
| | | ১.২। জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | ১.২.১। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ০ |
| | | ১.৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ১.৩.১। নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | ১.৩.২। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | ১.৪সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন | ১.৪.১। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাতকৃত | % | ১ | ৮৫% | ৭০% | ৬৫% | ৬০% | - |
| | | | ১.৪.২। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | ১.৪.৩। সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | | | | | | | |

আমি মোঃ মাহাবুবর রহমান, বিপিএম, পিপিএম, পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী,বিপিএম(বার), ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ঢাকা পুলিশ কমিশনার সিএমপি, চট্টগ্রাম এর নিকট অঙ্গিকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

১৫০৫ ১৯

পুলিশ কমিশনার
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।

.............................
তারিখ

১৫.০৫.১৯

ইন্সপেক্টর জেনারেল
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

.............................
তারিখ

# সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

সিএমপি- (CMP) চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।
পস্ (POS)-পয়েন্ট অব সার্ভিস
ই-জিপি (E-GP)-e-Government Procurement
OPCC – Online Police Clearance Certificate
চসিক- চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সওজ- সড়ক ও জনপথ বিভাগ
পিডিবি (PDB)-বিদ্যুৎ উন্নোয়ন বোর্ড
বিআরটিএ- বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পিপি (PP)-পাবলিক প্রসিকিউটর

# সংযোজনী-২: কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরন | বাস্তবয়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরে শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষন কাঠামো প্রণয়ন। | সিসিটিভি ক্যামেরা স্থাপন করা, নাগরিক/ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহ করে ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন করা, আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক অবস্থা বজায় রাখতে বিভিন্ন অপরাধী/সন্ত্রাসীদের অগ্রিম গোপন তথ্য সংগ্রহ করা এবং বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে তাদেরকে গ্রেফতার করতঃ বিজ্ঞ আদালতে সোপর্দ করা, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে দৃশ্যমান পুলিশী টহল, ফুট পেট্রোল, ব্লকরেইড ও চেকপোষ্ট ডিউটি পরিচালনা সহ নিত্য নতুন কৌশল অবলম্বন করে অপরাধ নিয়ন্ত্রন করা, জঙ্গী তৎপরতা নিয়ন্ত্রনে বিভিন্ন পাড়া/মহল্লায় গঠিত কমিউনিটি পুলিশিং এবং বিট পুলিশিং কমিটির সহায়তায় সাম্প্রদায়িকতার বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠক সহ জঙ্গীবাদ বিরোধী সভা/সমাবেশ ও র‍্যালীর আয়োজনের ধারাবাহিকতা বজায় রাখা। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারীদের গ্রেপ্তার ও সাম্প্রদায়িক সহিংসতা তাৎক্ষনিকভাবে মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা। | পুলিশ বিভাগ, সিএমপি, চট্টগ্রাম | | |
| | | নির্ধারিত সময় সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন দাখিল | | | | |
| ২. | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ সহ বিভিন্ন বিষয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ এর আয়োজন। | প্রশিক্ষণের সময় | | | | |
| ৩. | ১। জঙ্গী ও সন্ত্রাসী কার্যকলাপ দমন এবং প্রতিরোধের লক্ষ্যে তৎপরতা বৃদ্ধি করণ, এই লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন এবং চলমান পুলিশী কার্যক্রম সহ গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি | চলমান গোয়েন্দা তৎপরতা ও পুলিশী কার্যক্রমের মাধ্যমে। | | | | |
| ৪. | ২। সামাজিক অপরাধ হ্রাস করণের নিমিত্তে জনসাধারনের সাথে নিবিড় অংশীদারিত্বকরণ | ওপেন হাউজ ডে, কমিউনিটি পুলিশিং কার্যক্রম, উঠান বৈঠক, বিট পুলিশিং, জঙ্গিবাদ ও মাদক বিরোধী সভা/সমাবেশ ও সুধীজনের সাথে মত বিনিময় এর মাধ্যমে | | | | |
| ৫. | ৩। আইন-শৃঙ্খলার উন্নতি করণ সহ জন জীবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে পুলিশী কার্যক্রম জোরদার করা। | পেশাদারিত্বের সাথে কর্মসূচক বাস্তবায়ন | | | | |
| ৬. | ৪। ভিভিআইপি/ভিআইপি'দের ব্যক্তি নিরাপত্তা ব্যবস্থা বিষয়ক। | সর্বোচ্চ গুরুত্ব সহকারে কর্মসূচক বাস্তবায়ন | | | | |
| ৭. | ৫। জাতীয় নির্বাচন সহ সকল প্রকার নির্বাচনে সুষ্ঠু আইন-শৃঙ্খলা রক্ষার্থে কর্মপরিকল্পনা প্রনয়ন। | তফসিল ঘোষণা সাপেক্ষে নির্বাচন অনুষ্ঠানের পূর্বেই নিরাপত্তা কর্মসূচক বাস্তবায়ন | | | | |
| ৮. | ৬। জনসাধারণের বিভিন্ন অভিযোগ সংক্রান্তে দ্রুত প্রতিকারের ব্যবস্থা করণ | সেবা প্রক্রিয়া হিসেবে তাৎক্ষনিক আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পুলিশী পদক্ষেপ গ্রহণ। | | | | |
| ৯. | ৭। ইনফরমেশন এন্ড টেকনোলজি বিষয়ে সমৃদ্ধকরণ সহ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। | সরকারি ভাবে এ সূচক'কে উন্নতি করণের ব্যবস্থা গ্রহণ। | | | | |
| ১০. | দ্রুততার সাথে মামলা/জিডি/অভিযোগ সমূহ তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ এবং বিভিন্ন অপরাধীদের গতিবিধি পর্যালোচনা। | থানায় অপরাধ বিশ্লেষণ ও নজরদারী টিম গঠন পূর্বক বিভিন্ন গুরুত্বপূর্ণ অপরাধের বিষয়ে তাৎক্ষনিক পুলিশী কার্যক্রম গ্রহণ। | | | | |
| ১১. | চাকুরী এবং পার্সপোর্ট ভেরিফিকেশন কার্যক্রম হয়রানী ব্যতিরেকে কার্য সম্পাদন। | দ্রুত নিষ্পত্তির মাধ্যমে কর্ম সম্পাদন করা হয়। | | | | |
| ১২. | থানায় নারী ও শিশু বিষয়ক পৃথক হেল্প ডেস্ক এবং সার্ভিস ডেলিভারী সিস্টেম চালুকরণ | থানায় নারী ও শিশু বিষয়ক অভিযোগ/মামলা বিষয়ে দ্রুততার সাথে পুলিশী কার্যক্রম গ্রহণ করে কর্ম সম্পাদন করা হয়। | | | | |
| ১৩. | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেট সহ অপেক্ষাগার এর ব্যবস্থা | নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেট সহ অপেক্ষাগার চালুকরণ। | | | | |
| ১৪. | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | | | | |

## সংযোজনী-৩: অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদা সমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল | যে কোন মৃত ব্যক্তির সুরতহাল রিপোর্ট তৈরী করা এবং নারী ও শিশু অপহরন সংক্রান্তে রুজুকৃত মামলা ভিকটিমের ধর্ষন ও বয়স সংক্রান্ত ফরেনসিক রিপোর্টের প্রয়োজন। | মৃত ব্যক্তির ময়না তদন্ত রিপোর্ট ও ভিকটিমের ধর্ষন ও বয়স সংক্রান্ত রিপোর্ট। | দ্রুত ও সহজ উপায়ে চাহিত রিপোর্ট প্রাপ্তি। | মামলা সুষ্ঠুভাবে তদন্তের স্বার্থে। | বিলম্বে মামলা নিস্পত্তি |
| সিআইডি অফিস | যেকোন অপমৃত্যু মামলায় জব্দকৃত আলামত সমূহ পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সঠিক রিপোর্ট প্রয়োজন। | মামলার আলামত সমূহের ফলাফল প্রাপ্তি | দ্রুত ও সহজ উপায়ে চাহিত রিপোর্ট প্রাপ্তি। | মামলা সুষ্ঠুভাবে তদন্তের স্বার্থে। | বিলম্বে মামলা নিস্পত্তি |
| বিজ্ঞ আদালত | জঙ্গী ও সন্ত্রাসীদের জামিন, মামলার রায়ের আসামীর খালাস/সাজাপ্রাপ্ত আসামীদের হালনাগাদ তথ্যাদি সহ যে কোন মামলা সংক্রান্ত তথ্যাদি দ্রুত প্রাপ্তির নিশ্চয়তা বিধান | মামলা সংক্রান্ত যে কোন তথ্য প্রাপ্তি | দ্রুত ও সহজ উপায়ে চাহিত রিপোর্ট প্রাপ্তি। | সুষ্ঠুভাবে মামলা নিস্পত্তি। | বিলম্বে মামলা নিস্পত্তি বিচার ব্যবস্থার দীর্ঘসূত্রিতা |
| জেলা প্রশাসকের কার্যালয় | মোবাইল কোর্ট | সংখ্যা | রাস্তার প্রশস্ততা বৃদ্ধি, অবৈধ দখল অপসারণ | যানজট হ্রাস | যানজট বৃদ্ধি |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশন | হকার উচ্ছেদ | সংখ্যা | ভাঙ্গা রাস্তাঘাট মেরামত, গুরুত্বপূর্ণ স্থাপনায় সিসিটিভি স্থাপন | যানজট হ্রাস, নিরাপত্তা বৃদ্ধি | যানজট বৃদ্ধি |
| বিআরটিএ | গাড়ির ফিটনেস | সংখ্যা | দক্ষ ড্রাইভার বৃদ্ধি, ত্রুটিপূর্ণ গাড়ি হ্রাস | দূর্ঘটনার সংখ্যা হ্রাস | দূর্ঘটনার সংখ্যা বৃদ্ধি |